

“মুজিব বর্ষে
বিআরডিবি’র
অঙ্গীকার স্বনির্ভর
সমৃদ্ধ পল্লী গড়ার”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৬.১৯-৪৫৩

তারিখঃ ১৯/১১/২০২০ খ্রি:

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ শাহাদাৎ হোসেন, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, বোরহানউদ্দীন, ভোলা (সাবেক এআরডিও, বামনা, বরগুণা) অফিস কক্ষে মাঠ সংগঠকদের কেবিনেটের ডায়ার থেকে সুফলভোগী হতে আদায়কৃত অর্থ প্রায়ই চুরি (প্রমানক হিসেবে ধারণকৃত ভিডিও ফুটেজ), চেক ইস্যু রেজিস্ট্রার, চেকের মুড়ি/ম্যানেজার কমিশন প্রদানের রেজিস্ট্রারে গ্রহনকারীর স্বাক্ষরের স্থানে স্বাক্ষর না থাকা/ভূয়া স্বাক্ষর দিয়ে ১৯ জন ম্যানেজারের কমিশন বাবদ ৯২,৪৬০/- (বিরানকই হাজার চারশত ষাট) টাকা উত্তোলন করে দীর্ঘদিন যাবৎ আত্মসাতের উদ্দেশ্যে হস্তগত রাখা, সুফলভোগী হতে আদায়কৃত অর্থ নিয়মিত ব্যাংকে জমা না করার বিষয়টি সঠিকভাবে তদারকি না করায় উক্ত উপজেলায় হস্তমজুদ সংগঠন, দায়িত্বে অবহেলার জন্য মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি, মাঠ সংগঠকদের জন্য বরাদ্দকৃত ইন্টারনেট এবং জরিপ কাজের সার্ভে বিল নিজে হস্তগত করার অভিযোগে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিভাগীয় মামলা (বিভাগীয় মামলা নং ০৪/২০১৯) রুজু করে স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৬.১৯.১৯৬ তারিখঃ ২৩/০৪/২০১৯ খ্রিঃ মূলে অভিযোগনামা গঠন করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়; এবং


যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন। তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। যেহেতু, ব্যক্তিগত শুনানীতে তাঁর বক্তব্য সন্তোষজনক বিবেচিত হয়নি এবং ফলে উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৬.১৯.৩৩২ তারিখঃ ২৫/০৭/২০১৯ খ্রিঃ মূলে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা স্মারক নং ৪৭.৬২.০০০০.২১০.০০.১০১.১৪.১৯৮০ তারিখঃ ১৫/০৩/২০২০ খ্রিঃ মূলে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, বিভাগীয় মামলার প্রেক্ষিতে তাঁর জবাব এবং তদন্ত প্রতিবেদন বিশ্লেষণপূর্বক কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৬.১৯.১২০ তারিখঃ ১৮/০৩/২০২০ খ্রিঃ মূলে আপনার কর্মকালীন মেয়াদোত্তীর্ণ খেলাপীর টাকা এবং মাঠ সংগঠকদের ডায়ার থেকে অর্থ চুরিসহ মাঠ সংগঠকের জন্য বরাদ্দকৃত ইন্টারনেট ও সার্ভে বিল বাবদ হস্তগত অর্থ জমাদানের জন্য পত্র প্রেরণ করা সত্ত্বেও উক্ত অর্থ জমা প্রদান/আদায় না হওয়া; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক স্মারক নং ৪৭.৬২.০০০০.২১০.০০.১০১.১৪.৫৬৭৩ তারিখঃ ১২/১০/২০২০ খ্রিঃ মূলে মাঠ সংগঠকদের ডায়ার হতে ২,৩২,৬১০.০০ টাকা চুরির বিষয়সহ সার্ভে ও ইন্টারনেট বিল বাবদ ৩,৭১২.০০ টাকা হস্তগত/আত্মসাৎ করার বিষয়ে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে পুনঃরায় তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, বিভাগীয় মামলার প্রেক্ষিতে তাঁর জবাব এবং পুনঃতদন্ত প্রতিবেদন বিশ্লেষণপূর্বক অপরাধের ধরন, প্রকৃতি ও গভীরতা বিবেচনায় কর্তৃপক্ষ কর্তৃক জনাব মোঃ শাহাদাৎ হোসেন এর সাথে চুক্তি বাতিলপূর্বক কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত করার এবং মাঠ সংগঠকদের ডায়ার হতে চুরিকৃত ২,৩২,৬১০.০০ টাকা এবং সার্ভে ও ইন্টারনেট বিল বাবদ হস্তগত/আত্মসাৎকৃত ৩,৭১২.০০ টাকা আগামী ০৩ মাসের মধ্যে জমা প্রদান অন্যথায় আইনগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

এক্ষণে, সেহেতু, জনাব মোঃ শাহাদাৎ হোসেন, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, বোরহানউদ্দীন, ভোলা (সাবেক এআরডিও, বামনা, বরগুণা)-কে শৃঙ্খলা ও আপিল বিধিমালা মোতাবেক অর্থ চুরি, অর্থ হস্তগত/আত্মসাৎ ও মাঠ কর্মীর আত্মসাৎ রোধে তদারকির ঘাটতি এবং দায়িত্বে অবহেলার অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত প্রমাণিত অভিযোগের গুরুদণ্ড হিসেবে তাঁর সাথে চুক্তি বাতিলপূর্বক কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত করে রুজুকৃত বিভাগীয় মামলাটি কর্তৃপক্ষ কর্তৃক নিষ্পত্তি করা হয়।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৬.১৯-৪৫৩


তারিখ: ১৯/১১/২০২০ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. জনাব মোঃ শাহাদাৎ হোসেন, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ বোরহানউদ্দীন জেলাঃ ভোলা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ বোরহানউদ্দীন/বামনা জেলাঃ ভোলা/বরগুনা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ভোলা/বরগুনা।
৬. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো